# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 28-02-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবর –

১) সুপ্রিম কোর্টের নির্দেশ ও নির্বাচন কমিশনের গাইডলাইন মেনে আজ রাজ্যে এসআইআর পরবর্তী অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। তালিকায় ৭ কোটি ৪ লক্ষ ৫৯ হাজার জনের নাম রয়েছে। খসড়া ও চূড়ান্ত তালিকা মিলিয়ে বাদ গেছে প্রায় ৬৪ লক্ষ ভোটদাতার নাম।

ধর্মীয় কারণে বিতাড়িত হয়ে ভারতে আসা হিন্দুদের আশঙ্কার কোনো কারণ নেই বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন।

২) আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে রাজ্যে আগামীকাল চারটি বড় জনসভার মধ্যে দিয়ে, বিজেপির ‘পরিবর্তন যাত্রা’র সূচনা হতে চলেছে।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে ১৪ বছরের কিশোরীদের জন্য দেশব্যাপী HPV টীকাকরণ কর্মসূচীর সূচনা করেছেন।

৪) আলিপুরদুয়ারের হাসিমারায় ১০ নম্বর এশিয়ান হাইওয়েতে আজ এক ভয়াবহ পথ দুর্ঘটনায় চারজনের মৃত্যু হয়েছে।

৫) আজ জাতীয় বিজ্ঞান দিবস। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি উদযাপিত হচ্ছে।

-----------------------------------------------------------------------------------

সুপ্রিম কোর্টের নির্দেশ ও নির্বাচন কমিশনের গাইডলাইন মেনে আজ রাজ্যে বিশেষ নিবিড় সংশোধনী-SIR পরবর্তী চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। অসম্পূর্ণ এই চূড়ান্ত তালিকা অনুযায়ী  মোট ভোটারের সংখ্যা দাঁড়িয়েছে ৭ কোটি ৪ লক্ষ ৫৯ হাজার ২৮৪ । রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, খসড়া প্রকাশের সময় মোট ভোটার ছিলেন ৭ কোটি ৮ লক্ষ ১৬ হাজার ৬৩০। বিশেষ নিবিড় সংশোধনীর প্রক্রিয়ায় সংযোজন ও বিয়োজন মিলিয়ে চূড়ান্ত তালিকায় আরও ৫ লক্ষ ৪৬ হাজার ৫৩ জনের নাম বাদ গিয়েছে। খসড়া তালিকাতে ৫৮ লক্ষ ২০ হাজারের বেশি ভোটারের নাম আগেই বাদ পড়েছিল। ফলে সব মিলিয়ে এখনও পর্যন্ত  ৬৩ লক্ষ ৬৬ হাজার ৯৫২ জনের নাম রাজ্যের ভোটার তালিকা থেকে বাদ গেল।  মোট ৬০ লক্ষ ৬ হাজার ৬৭৫ জন ভোটারের নাম বিচারাধীন বা 'অ্যাডজুডিকেশন'-এর আওতায় রয়েছে। তাঁদের নামও চূড়ান্ত তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে । SIR প্রক্রিয়ায় নিযুক্ত বিচার বিভাগীয় আধিকারিকদের মাধ্যমে ওই সব ভোটারদের ভবিষ্যত নির্ধারিত হবে।  মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন, শুনানির পর ইআরও, এইআরও-রা সব নথি খতিয়ে দেখার পর সংশ্লিষ্ট ভোটারদের নাম বাদ দিয়েছেন।

বাইট

চূড়ান্ত ভোটার তালিকার বিধানসভা-ওয়ারী পরিসংখ্যান থেকে স্পষ্ট, কয়েকটি জেলায় উল্লেখযোগ্য হারে নাম বাদ পড়েছে। একটি প্রতিবেদন –

ভয়সকাস্ট

চূড়ান্ত তালিকা সংশ্লিষ্ট সব ভোটকেন্দ্রে টাঙানো হবে এবং নির্বাচন নিবন্ধন আধিকারিক ও সহকারী আধিকারিকদের দফতরে জনসাধারণের জন্য রাখা হবে।

**দক্ষিণ ২৪ পরগনা** জেলায় প্রায় ৯ লক্ষ ৬ হাজার নাম ভোটার তালিকা থেকে বাদ গেছে।

**উত্তর ২৪ পরগণায়** প্রায় ১ লক্ষ ৪৩ হাজার নাম বাদ পড়েছে।

**বাঁকুড়া** জেলায় চূড়ান্ত ভোটার তালিকা থেকে বাদ পড়েছে এক লক্ষ ৩৫ হাজার ৩০০ জনের নাম।

**পুরুলিয়ায়** ১ লক্ষ ৮৪ হাজার ১৪৮ জনের নাম বাদ পড়েছে।

**পশ্চিম বর্ধমানে** বাদ পড়েছেন ৩ লক্ষ ২০ হাজার ২২৫ জন।

**পূর্ব বর্ধমানে** প্রায় ২ লক্ষ ২৬ হাজার নাম বাদ পড়েছে।

**কোচবিহারে** বাদ পড়েছে ১ লক্ষ ২১ হাজার ৭৯৬ জনের নাম।

-----------------------------

ভোটার তালিকায় বাদ পড়া মতুয়া নমঃশূদ্র সহ ধর্মীয় কারণে বিতাড়িত হয়ে ভারতে আসা হিন্দুদের আশঙ্কার কোনো কারণ নেই বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন। আজ সাংবাদিকদের কাছে তিনি বলেন, বিচার বিভাগ দক্ষতার সঙ্গে বাকি থাকা বিষয়গুলিও নিষ্পত্তি করবে।

বাইট

-----------------------------

আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে রাজ্যে আগামীকাল চারটি বড় জনসভার মধ্যে দিয়ে, বিজেপির 'পরিবর্তন যাত্রা'র সূচনা হতে চলেছে। কোচবিহারে রাসমেলা মাঠে এই অভিযানের সূচনায় উপস্থিত থাকবেন বিজেপি-র সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন। পশ্চিম বর্ধমানের আসানসোল, পশ্চিম মেদিনীপুরের গড়বেতা, নদীয়ার নবদ্বীপ থেকেও বেরোবে পরিবর্তন যাত্রা। জগৎপ্রকাশ নাড্ডা, রাজনাথ সিং, অন্নপূর্না দেবী সহ বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রী অংশ নেবেন এই যাত্রায়।

সোমবার দোসরা মার্চ হবে পাঁচটি জনসভা। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী, বর্ষীয়ান বিজেপি নেতা অমিত শাহ্ এই উপলক্ষ্যে আগামীকাল রাজ্যে আসছেন। সোমবার ২রা মার্চ তিনি দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘিতে পরিবর্তন যাত্রার সভায় বক্তব্য রাখবেন।

অন্যদিকে, তিন ও চার তারিখ দোল ও হোলি উৎসবের জন্য কর্মসূচী বন্ধ রাখা হবে। এরপর পাঁচ তারিখ হবে ৯-টি যাত্রা। কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনসভার মধ্য দিয়ে এই পরিবর্তন যাত্রার সমাপ্তি হবে। মোট আড়াইশো টি বিধানসভা এলাকা দিয়ে এই যাত্রার আয়োজন করা হচ্ছে।

-----------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, মহিলারাই হলেন প্রত্যেক পরিবারের মেরুদন্ড। রাজস্থানের আজমেড়ে আজ জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে ১৪ বছর বয়সী কিশোরীদের জন্য দেশব্যাপী হিউম্যান প্যাপিলোমা ভাইরাস-এইচপিভি টিকাকরণ কর্মসূচির সূচনা করেন তিনি। শ্রী মোদী বলেন, বিজেপি সরকার, সর্বদা মহিলাদের ছোটখাটো সমস্যার সমাধানকেও অগ্রাধিকার দিয়েছে। এইচপিভি টিকাকরণ কর্মসূচি সেই লক্ষ্যেই একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। দেশে নারী শক্তির ক্ষমতায়নে সরকার দৃঢ় সঙ্কল্পবদ্ধ বলে তিনি জানান।

বাইট-মোদী মহিলা

-----------------------------

আলিপুরদুয়ারের হাসিমারায় ১০ নম্বর এশিয়ান হাইওয়েতে আজ এক ভয়াবহ পথ দুর্ঘটনায় চারজনের মৃত্যু হয়েছে, আহত তিনজন। সকাল সাড়ে সাতটা নাগাদ একটি চার চাকা গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে পথচারীদের ধাক্কা দেয়। গুরুতর আহত অবস্থায় হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা চারজনকে মৃত বলে ঘোষণা করেন। ঘটনার পরই স্থানীয়রা এলাকায় বিক্ষোভ দেখাতে শুরু করেন। বিরাট পুলিশ বাহিনী ঘটনাস্থলে যায়। আহতদের চিকিৎসা চলেছে।

-----------------------------

আজ  জাতীয় বিজ্ঞান দিবস। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি  উদযাপিত হচ্ছে। নোবেল জয়ী পদার্থ বিজ্ঞানী  CV Raman এর (চন্দ্র শেখর ভেঙ্কট রমন) রমন এফেক্ট আবিষ্কারের সম্মানে ও স্মরণে জাতীয় বিজ্ঞান দিবস পালিত হয়ে থাকে।

উল্লেখ্য, ১৯২৮ সালের ২৮ শে ফেব্রুয়ারি সিভি রমন,  আবিষ্কার করেছিলেন রমন এফেক্ট।

-----------------------------

নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে কিংবদন্তি নাট্যকার গিরিশচন্দ্র ঘোষের ১৮২তম জন্মবার্ষিকী উদযাপিত হচ্ছে। রাজ্য তথ্য ও সংস্কৃতি দপ্তর এই উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করেছে। বিকেলে উত্তর কলকাতার গিরীশমঞ্চে এক অনুষ্ঠানে “স্টার থেকে বিনোদিনী: গিরীশচন্দ্র "শিরোনামে বক্তব্য রাখবেন নাট্যকার ও

বিশিষ্ট গিরিশ গবেষক শেখর সমাদ্দার। নাটকের গান পরিবেশন করবেন অরিন্দম রায়। দমদম শব্দমুগ্ধের পরিবেশনায় মঞ্চস্থ হবে বেল বাবু নাটকটি।

মুখমন্ত্রীর মমতা ব্যানার্জি সামাজিক মাধ্যমের এক পোস্টে গিরিশ ঘোষের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন।

-----------------------------

স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ সি-র লিখিত পরীক্ষা আগামী কাল। রাজ্যের ১ হাজার ৬৯৩ টি পরীক্ষা কেন্দ্রে বেলা ১২ টা থেকে ১ -৫০ মিনিট পর্যন্ত পরীক্ষা চলবে।

-----------------------------

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ  আইএসএল ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট, মহামেডান স্পোর্টিং এর মুখোমুখি হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত খেলা ১-১ রয়েছে।

-----------------------------

কলকাতা হাইকোর্টের সুপারিশ ক্রমে ও রাজ্য সরকারের অনুমোদনে চিত্র পরিচালক গৌতম ঘোষকে কলকাতার নতুন শেরিফ হিসাবে মনোনীত করা হয়েছে। আগামী এক বছর তিনি এই পদে থাকবেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

----------------------------- -----------------------------